रेलवे भर्ती बोर्ड | RAILWAY RECRUITMENT BOARD

सीईएन ०१/२०२६ सहायक लोको पायलट (एएलपी) के पद पर भर्ती

CEN 01/2026 Recruitment of Assistant Loco Pilot (ALP)

Test Date	05/11/2026
Test Time	4:00 PM - 5:00 PM
Subject	RRB ALP 2026 CBT 1

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB ALP**

Q.1 হিতেশের বয়স তার ছেলের বয়সের তিনগুণ এবং তার মেয়ে, তার ছেলের চেয়ে 3 বছরের ছোট। যদি 3 বছর আগে এই তিনজনের বয়সের সমষ্টি 83 বছর হয়ে থাকে, তাহলে হিতেশের বর্তমান বয়স (বছরে) কত?

Ans
- ✗ A. 68
- ✓ B. 57
- ✗ C. 64
- ✗ D. 67

Q.2 3.5 m ব্যাসার্ধের অর্ধগোলক আকৃতির বৃষ্টির জল সংরক্ষণের একটি ট্যাঙ্ক আছে। ভারী বৃষ্টির সময় ট্যাঙ্কটি সম্পূর্ণ জলপূর্ণ হয়ে যায়। এই ট্যাঙ্কের জলকে যদি 0.35 m ব্যাসার্ধ এবং 0.7 m উচ্চতাবিশিষ্ট কিছু চোঙাকৃতি বালতিতে ভরা হয়, তবে সর্বাধিক কতগুলি বালতি সম্পূর্ণরূপে ভর্তি করা যাবে?

Ans
- ✗ A. 353
- ✗ B. 313
- ✓ C. 333
- ✗ D. 373

Q.3 ছয়টি বাক্স A, B, F, G, H এবং I কে একে অপরের উপরে রাখা হয়েছে কিন্তু এই ক্রমেই রাখা হয়েছে এমনটা আবশ্যক নয়। শুধু দুটি বাক্সকে I এবং B এর মাঝখানে রাখা হয়। H এর উপরে শুধুমাত্র G কে রাখা হয়। B এর নিচে কোনো বাক্স রাখা নেই। A এর উপরে কোনো একটি স্থানে F কে রাখা হয়। A এবং F এর মাঝখানে কতগুলি বাক্সকে রাখা হয়?

Ans
- ✗ A. দুটি
- ✗ B. তিনটি
- ✗ C. একটি
- ✓ D. একটিও নয়

Q.4 38 একটি নির্দিষ্ট যুক্তি অনুসরণ করে 210 এর সাথে সম্পর্কিত। একই যুক্তি অনুসরণ করে 30 সম্পর্কিত 170 এর সাথে। একই যুক্তি অনুসরণ করে 22 নিম্নলিখিত কোনটির সাথে সম্পর্কিত? (দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✓ A. 130
- ✗ B. 132
- ✗ C. 128
- ✗ D. 126

Q.5 এই প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।
(বামদিক) 682 315 947 524 761 (ডানদিক)
(উদাহরণ: 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
(দ্রষ্টব্য: সকল কার্যক্রম বামদিক থেকে ডানদিকে সম্পাদন করতে হবে।)
বৃহত্তম সংখ্যার দ্বিতীয় অঙ্কটির সঙ্গে ক্ষুদ্রতম সংখ্যার প্রথম অঙ্কটিকে যোগ করলে যোগফল কত হবে?

Ans
- ✗ A. 9
- ✗ B. 10
- ✓ C. 7
- ✗ D. 8

Q.6 একটি পোশাকের মুদ্রিতমূল্য ₹1,200 হয়। বিক্রয়মূল্য ₹960 হলে, কত শতাংশ ছাড় দেওয়া হয়েছে?

Ans
- ✗ A. 15%
- ✗ B. 25%
- ✗ C. 30%
- ✓ D. 20%

Q.7 একটি ডেলিভারি ভ্যান 260 km পথ চলতে 20 লিটার ডিজেল খরচ করে। ভ্যানটির গড় মাইলেজ (km প্রতি লিটারে) কত?

Ans
- ✗ A. 10
- ✓ B. 13
- ✗ C. 12
- ✗ D. 14

Q.8 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন	3	@	8	5	$	#	2	%	7	&	4	9	1	6
সংকেত	KF		UP		LD		BQ		RE		TA		HM	

শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদানগুলি জোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন হয়, তবে চতুর্থ উপাদানটিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
9865@

Ans
- ✓ A. AUUPF
- ✗ B. AUUPM
- ✗ C. AUMPF
- ✗ D. AUMPM

Q.9 নিচের কোন পরিস্থিতিটি একটি বল দ্বারা কৃত কার্যের বৈজ্ঞানিক সংজ্ঞাকে সবচেয়ে ভালোভাবে তুলে ধরে?

Ans
- ✗ A. সমতল মেঝেতে ধ্রুবক দ্রুতিতে একটি ব্যাগ বহন করা
- ✗ B. একটি বই না সরিয়ে আলতোভাবে টেবিলের উপর রাখা
- ✓ C. একজন ব্যক্তি অভিকর্ষের বিপরীতে একটি বাক্সকে উল্লম্বভাবে উপরের দিকে তোলে
- ✗ D. সর্বোচ্চ বল প্রয়োগ করে একটি স্থির দেয়ালে ধাক্কা দেওয়া

blackbook

Q.10 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
GUL 2 JSJ -4 MQH 8 ? SMD 32

Ans
✗ A. KYT -11
✓ B. POF -16
✗ C. HJI -43
✗ D. KOI -21

Q.11 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন:
Q, L, M, R এবং E এই 5টি ভিন্ন উচ্চতাবিশিষ্ট লাঠির মধ্যে, কোন লাঠিটি সবচেয়ে লম্বা?
বিবৃতি:
(I) M কেবল একটি লাঠির চেয়ে লম্বা। R লাঠিটি L এর চেয়ে খাটো কিন্তু Q এর চেয়ে লম্বা।
(II) R লাঠিটি E এর চেয়ে লম্বা।

Ans
✗ A. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✗ B. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
✓ C. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
✗ D. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

Q.12 একটি বৃত্তের AB এবং CD জ্যা দু'টি বৃত্তের অভ্যন্তরে T বিন্দুতে পরস্পরকে ছেদ করে। যদি AB = 27 cm, AT = 16 cm এবং TC = 20 cm হয়, তবে CD এর দৈর্ঘ্য (cm এ) নির্ণয় করুন।

Ans
✗ A. 22.3
✗ B. 35.6
✗ C. 31.2
✓ D. 28.8

Q.13 একজন ব্যক্তি বার্ষিক 12% সরল সুদের হারে 3 বছরের জন্য ₹56,000 মূলধন বিনিয়োগ করলে, 3 বছর পর তিনি কত সবৃদ্ধিমূল (₹ তে) পাবেন?

Ans
✗ A. 75,160
✗ B. 78,160
✗ C. 77,160
✓ D. 76,160

Q.14
$$4\left(\sec^2 59^\circ - \cot^2 31^\circ\right) + \frac{6\sqrt{2}}{7}\cos 45^\circ - 2\alpha \tan^2 56^\circ \times \tan^2 34^\circ = 2\alpha$$
হলে, α এর মান কত?

Ans
✓ A. $1\frac{3}{14}$
✗ B. $2\frac{5}{14}$
✗ C. $1\frac{5}{14}$
✗ D. $2\frac{3}{14}$

Q.15 জলের তড়িৎ বিশ্লেষণকে কেন বিয়োজন বিক্রিয়া হিসেবে শ্রেণিবদ্ধ করা হয়?

Ans
✗ A. হাইড্রোজেন অক্সিজেনকে প্রতিস্থাপন করে।
✓ B. জল হাইড্রোজেন এবং অক্সিজেনে বিভক্ত হয়।
✗ C. অক্সিজেন ইলেকট্রোডের সঙ্গে যুক্ত হয়।
✗ D. বিদ্যুৎ জলকে উত্তপ্ত করে।

blackbook

Q.16 এক গ্লাস জলে একটি পেন্সিল আংশিকভাবে নিমজ্জিত হলে, তা বাঁকা দেখায়। কোন ঘটনা এই পর্যবেক্ষণটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে এবং এটি কোথায় ঘটে?

Ans

✗ A. জলের অণু দ্বারা আলোর বিক্ষেপণ

✗ B. জলে আলোর বিচ্ছুরণ

✗ C. জলের পৃষ্ঠতলে আলোর প্রতিফলন

✓ D. জল ও বায়ুর সংযোগস্থলে প্রতিসরণ

Q.17 একটি গাড়ির রেডিয়েটরে 63% অ্যান্টিফ্রিজযুক্ত একটি দ্রবণ থাকা প্রয়োজন। একজন মোটরচালকের কাছে 23% অ্যান্টিফ্রিজযুক্ত 4 লিটার দ্রবণ রয়েছে। প্রয়োজনীয় 63% অ্যান্টিফ্রিজের দ্রবণটি তৈরি করতে তাকে ওই দ্রবণে কত লিটার (2 দশমিক স্থান পর্যন্ত আসন্ন মান) 99% অ্যান্টিফ্রিজযুক্ত তরল মেশাতে হবে?

Ans

✗ A. 7.21

✗ B. 10.25

✗ C. 6.05

✓ D. 4.44

Q.18 X, Y, Z, A এবং B এর বয়স ভিন্ন। কেবল একজন ব্যক্তির বয়স X এর চেয়ে কম। A এর বয়স B এর চেয়ে বেশি এবং B এর বয়স Z এর চেয়ে বেশি। Z এর বয়স X এর চেয়ে বেশি। কার বয়স সবচেয়ে বেশি?

Ans

✗ A. Z

✗ B. X

✗ C. Y

✓ D. A

Q.19 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন।
(বামদিক) E I I N T I K E M R A H G D A H B G K I D F H (ডানদিক)
এই ক্রমের ডান প্রান্ত থেকে সপ্তম বর্ণ এবং বাম প্রান্ত থেকে দ্বিতীয় বর্ণের মাঝে ইংরাজি বর্ণমালায় কতগুলি বর্ণ আছে?

Ans

✓ A. ছয়

✗ B. আট

✗ C. পাঁচ

✗ D. সাত

Q.20 একটি অনলাইন শিক্ষা প্ল্যাটফর্ম ভর্তির প্রচারণার সময় তাদের বার্ষিক সাবস্ক্রিপশন ফি 25% কমিয়েছিল এবং পরবর্তীতে সেই ছাড়কৃত ফি 20% বাড়িয়েছিল। যদি মূল সাবস্ক্রিপশন ফি ₹8,000 হয়ে থাকে, তবে চূড়ান্ত সাবস্ক্রিপশন ফি (₹ এ) কত ছিল?

Ans

✗ A. 7,000

✓ B. 7,200

✗ C. 7,600

✗ D. 7,400

Q.21 FROCKED শব্দটির প্রতিটি বর্ণকে ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী সাজানো হলো। এভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে বাম দিক থেকে তৃতীয় এবং ডান দিক থেকে দ্বিতীয় বর্ণের মাঝে ইংরেজি বর্ণমালায় কতগুলো বর্ণ রয়েছে?

Ans

✗ A. 10

✓ B. 9

✗ C. 8

✗ D. 12

Q.22 একটি স্কুল 49 m ও 196 m পরিমাপের একটি আয়তাকার বাগানকে একই ক্ষেত্রফলবিশিষ্ট একটি বর্গাকার বাগান দিয়ে প্রতিস্থাপন করার পরিকল্পনা করছে। বর্গাকার বাগানটির বাহুর দৈর্ঘ্য (মিটারে) কত হওয়া উচিত?

Ans

✗ A. 147

✓ B. 98

✗ C. 122

✗ D. 70

blackbook

Q.23 সরল স্থায়ী কলার নীচের কোন বৈশিষ্ট্যটি জলজ উদ্ভিদকে ভাসতে সাহায্য করে?

Ans

✗ A. কোশের কোণগুলোর অসম পুরুত্ব

✗ B. লিগনিনযুক্ত স্ক্লেরেনকাইমা থেকে প্রাপ্ত দৃঢ়তা

✓ C. প্যারেনকাইমায় বায়ু গহ্বরের উপস্থিতি

✗ D. কোলেনকাইমায় পেকটিনের উপস্থিতির জন্য নমনীয়তা

Q.24 একটি খাবার সরবরাহকারী প্রতিষ্ঠান সাত দিনে সম্পন্ন হওয়া সরবরাহের সংখ্যা রেকর্ড করে— 48, 50, 48, 46, x, 50 এবং 48; যেখানে x একটি ধনাত্মক পূর্ণসংখ্যা। যদি ডেটাটির সংখ্যাগুরুমান 48 হয়, তবে x এর সম্ভাব্য ক্ষুদ্রতম মানটি নির্ণয় করুন।

Ans

✗ A. 50

✗ B. 48

✗ C. 46

✓ D. 1

Q.25 এমন একটি শহরের কথা কল্পনা করুন যেখানে ধোঁয়াবিহীন তামাকের ব্যবহার অত্যন্ত ব্যাপক। সেখানে জনস্বাস্থ্যের কোন সমস্যাটি সবচেয়ে বেশি দেখা যাওয়ার সম্ভাবনা রয়েছে?

Ans

✓ A. মুখের ক্যান্সারের হার বৃদ্ধি

✗ B. ত্বকের অ্যালার্জি বৃদ্ধি

✗ C. হাড় ভেঙে যাওয়ার ঘটনা বৃদ্ধি

✗ D. ভাইরাসজনিত সংক্রমণ হ্রাস

Q.26 দুটি ট্রেন, T এবং U, সমান্তরাল ট্র্যাকে একে অপরের দিকে চলছে। ট্রেন T এর দৈর্ঘ্য 210 m এবং 40 km/hr গতিবেগে চলছে, অন্যদিকে ট্রেন U এর দৈর্ঘ্য 240 m এবং 50 km/hr গতিবেগে চলছে। দুটি ট্রেন মিলিত হওয়ার মুহূর্ত থেকে একে অপরকে অতিক্রম করতে কত সময় (sec-এ) নেবে?

Ans

✗ A. 21.6 sec

✗ B. 21 sec

✓ C. 18 sec

✗ D. 24 sec

Q.27 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা তা নির্ধারণ করুন। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন:
A, E, Z, M এবং D এই 5টি ভিন্ন উচ্চতাবিশিষ্ট লাঠির মধ্যে, কোন লাঠিটি সবচেয়ে লম্বা?
বিবৃতি:
(I) M লাঠিটি E এর চেয়ে লম্বা। E লাঠিটি D এর চেয়ে লম্বা।
(II) D লাঠিটি A এর চেয়ে খাটো কিন্তু Z এর চেয়ে লম্বা।

Ans

✗ A. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

✗ B. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।

✓ C. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

✗ D. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।

Q.28 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
VAN16 WCP14 XER12 YGT10 ?

Ans

✗ A. YIV8

✗ B. YGV8

✗ C. ZGV8

✓ D. ZIV8

Q.29 10 m গভীর এবং 36 m চওড়া একটি নদী 2.7 km/hr গতিতে প্রবাহিত হচ্ছে। প্রতি মিনিটে সমুদ্রে পতিত জলের পরিমাণ (m^3 এককে) নির্ণয় করুন।

Ans
- ✗ A. 12,600
- ✗ B. 12,000
- ✗ C. 10,260
- ✓ D. 16,200

Q.30 যদি 7-অঙ্কবিশিষ্ট 43A762B সংখ্যাটি 12 দ্বারা বিভাজ্য হয়, তাহলে (A + B) এর সর্বনিম্ন মান কত?

Ans
- ✗ A. 3
- ✗ B. 1
- ✗ C. 4
- ✓ D. 2

Q.31 যদি 'A'এর অর্থ '÷', 'B'এর অর্থ '×', 'C'এর অর্থ '+'এবং 'D'এর অর্থ '–'হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী আসবে?

40 D 72 C 115 A 23 B 12 =?

Ans
- ✗ A. 22
- ✗ B. 25
- ✗ C. 24
- ✓ D. 28

Q.32 ABCD চতুর্ভুজে, ∠A এর পরিমাপ ∠C এর থেকে 19° বেশি, ∠B এর পরিমাপ ∠C এর থেকে 24° কম এবং ∠D এর পরিমাপ ∠B এর দ্বিগুণের চেয়ে 8° বেশি হলে, ∠A + ∠D – ∠C এর মান নির্ণয় করুন।

Ans
- ✓ A. 141°
- ✗ B. 108°
- ✗ C. 129°
- ✗ D. 137°

Q.33 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।

VZY–XBA
CGF–EIH

Ans
- ✓ A. BFE–DHG
- ✗ B. BEC–CGF
- ✗ C. BFE–CHF
- ✗ D. BEC–DHG

Q.34 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন।
(বামদিক) L U F I T U A E B A D A Y J H F A K A N F G D (ডানদিক)
ক্রমটির ডানপ্রান্ত থেকে দ্বিতীয় বর্ণ এবং বামপ্রান্ত থেকে তৃতীয় বর্ণের মাঝে ইংরেজি বর্ণমালায় কতগুলো বর্ণ রয়েছে?

Ans
- ✗ A. তিন
- ✗ B. দুই
- ✓ C. একটিও না
- ✗ D. এক

Blackbook

Q.35 যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
9 ÷ 5 + 10 × 2 − 3 = ?

Ans
- ✗ A. 50
- ✗ B. 55
- ✓ C. 43
- ✗ D. 40

Q.36 দুটি সংখ্যার গসাগু 18 এবং লসাগু 360 হয়। যদি সংখ্যাগুলোর একটি 90 হয়, তবে অন্য সংখ্যাটি নির্ণয় করুন।

Ans
- ✓ A. 72
- ✗ B. 120
- ✗ C. 180
- ✗ D. 90

Q.37 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয়, এবং 'D' এর অর্থ '−' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?

107 D 132 A 4 B 3 C 11 = ?

Ans
- ✓ A. 19
- ✗ B. 15
- ✗ C. 16
- ✗ D. 14

Q.38 প্রদত্ত প্রশ্নটি নিচে দেওয়া শব্দগুলির ভিত্তিতে তৈরি।
ACT LAG GEL IDS
প্রতিটি শব্দের, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে তার পরবর্তী বর্ণে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরাজি বর্ণানুক্রম অনুসারে তার পূর্ববর্তী বর্ণে পরিবর্তন করা হয়।
এইভাবে গঠিত কতগুলি বর্ণগুচ্ছে কোনো স্বরবর্ণ (vowel) থাকবে না?

Ans
- ✗ A. দুটি
- ✓ B. চারটি
- ✗ C. একটি
- ✗ D. তিনটি

Q.39 একটি ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি ₹12,000 এর টিকিট কিনেছিল এবং সেগুলো 15% লাভে একজন বুকিং পার্টনারের কাছে বিক্রি করেছিল। এরপর বুকিং পার্টনার টিকিটগুলো ক্রয়মূল্যের ওপর 10% লাভে বিক্রি করে। চূড়ান্ত বিক্রয়মূল্য (₹ এ) কত ছিল?

Ans
- ✗ A. 14,580
- ✓ B. 15,180
- ✗ C. 13,800
- ✗ D. 15,400

Q.40 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
42 60 76 90 102 112 ?

Ans
- ✓ A. 120
- ✗ B. 118
- ✗ C. 121
- ✗ D. 122

Q.41 সাতটি বাক্স C, D, E, F, X, Y এবং Z কে একে অপরের উপরে রাখা হয়েছে কিন্তু এই ক্রমেই রাখা হয়েছে এমনটা আবশ্যক নয়।
শুধুমাত্র C কে Y এর উপরে রাখা হয়েছে। Y এবং X এর মাঝে শুধুমাত্র E কে রাখা হয়েছে।
শুধুমাত্র Z কে D এর নিচে রাখা হয়েছে।
F এবং Z এর মাঝে কতগুলি বাক্স রাখা আছে?

Ans
- ✗ A. দুইটি
- ✗ B. তিনটি
- ✓ C. একটি
- ✗ D. চারটি

Q.42 $\sqrt{48}$, $4\sqrt{3}$ এবং $\sqrt{169}$ এর চতুর্থ সমানুপাতিক কত?

Ans
- ✗ A. $\sqrt{13}$
- ✗ B. $\sqrt{12}$
- ✓ C. 13
- ✗ D. 14

Q.43 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✗ A. JG-CK
- ✗ B. YV-RZ
- ✓ C. RO-KI
- ✗ D. IF-BJ

Q.44 একজন দোকানদার মোট ₹60,000 ব্যয় করে ছয়টি অনুরূপ মোবাইল ফোন কেনেন। সেগুলোর মধ্যে দু'টি মোবাইলকে তিনি মোট ₹57,000 মূল্যে বিক্রি করলেন। মোবাইল দুটি বিক্রি করে তাঁর কত শতাংশ লাভ হয়?

Ans
- ✗ A. 187%
- ✗ B. 182%
- ✓ C. 185%
- ✗ D. 184%

Q.45 A, B, C, D, E, F এবং G—এই সাতজন ব্যক্তি একটি সারিতে উত্তরদিকে মুখ করে বসে আছে। C সারির ডান প্রান্ত থেকে দ্বিতীয় স্থানে বসে আছে। B এর বাম দিকে মাত্র তিনজন ব্যক্তি বসে আছে। D বসে আছে A এবং E এর ঠিক পাশে। F বসে আছে E এর ডানদিকে দ্বিতীয় স্থানে। G এবং D এর মাঝে কতজন বসে আছে?

Ans
- ✓ A. চার
- ✗ B. এক
- ✗ C. তিন
- ✗ D. দুই

Q.46 প্রদত্ত প্রশ্নটি নিচে দেওয়া শব্দগুলির ভিত্তিতে তৈরি।
DUB OWE SKI FIN
প্রতিটি শব্দে, প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরের বর্ণটি দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরেজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক আগের বর্ণটি দিয়ে প্রতিস্থাপন করা হয়। এভাবে গঠিত বর্ণগুচ্ছগুলোর মধ্যে কতগুলিতে কোনো স্বরবর্ণ থাকবে না?

Ans
- ✗ A. চার
- ✓ B. দুই
- ✗ C. এক
- ✗ D. তিন

Blackbook

Q.47 যদি 36784521 সংখ্যাটির প্রতিটি অঙ্ককে বামদিক থেকে ডানদিকে অধঃক্রমে সাজানো হয়, তাহলে এইভাবে গঠিত নতুন সংখ্যাটিতে কোন অঙ্কটি ডানদিক থেকে পঞ্চম অবস্থানে থাকবে?

Ans
- ✔ A. 5
- ✘ B. 6
- ✘ C. 7
- ✘ D. 4

Q.48 E, X, P, O, R, T এবং S এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। কেবল তিনজন ব্যক্তি পরীক্ষা দেয় E এবং P এর মাঝে। P পরীক্ষা দেয় সপ্তাহের শেষ দিনে। T পরীক্ষা দেয় R এর পরীক্ষার পরবর্তী দ্বিতীয় দিনে। O পরীক্ষা দেয় S এর পরীক্ষার ঠিক আগের দিন। X শুক্রবার পরীক্ষা দেয় না। কতজন ব্যক্তি X এর পরে পরীক্ষা দেয়?

Ans
- ✔ A. ছয়জন
- ✘ B. দুইজন
- ✘ C. চারজন
- ✘ D. পাঁচজন

Q.49 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়? [দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✔ A. VS–PP
- ✘ B. LI–GD
- ✘ C. NK–IF
- ✘ D. BY–WT

Q.50 POINTED শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
- ✘ A. একটিও না
- ✘ B. তিনটি
- ✔ C. দুটি
- ✘ D. একটি

Q.51 নিম্নলিখিত কোন সংখ্যাটি 46 এবং 41 উভয় দ্বারাই বিভাজ্য?

Ans
- ✘ A. 63842
- ✘ B. 62810
- ✘ C. 60607
- ✔ D. 62238

Q.52 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
36, 44, 60, 84, 116, ?

Ans
- ✘ A. 155
- ✘ B. 157
- ✔ C. 156
- ✘ D. 158

Q.53 বন্যপ্রাণী বিষয়ক একটি জরিপে দেখা গেছে যে, একটি সংরক্ষিত এলাকায় হরিণের সংখ্যা বার্ষিক 10% বৃদ্ধির ফলে 13,200 তে দাঁড়িয়েছে। এক বছর আগে হরিণের সংখ্যা কত ছিল?

Ans
- ✘ A. 11880
- ✘ B. 12120
- ✘ C. 14520
- ✔ D. 12000

blackbook

Q.54 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 4 5 ? ! 9 7 $ # 6 +

সংকেত B O Q P S X M F W V

শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দুটির সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদানগুলি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে উভয় উপাদানকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
4 5 ? ! 9

Ans
- ✗ A. FOQPS
- ✗ B. BOWPS
- ✗ C. BOQPM
- ✓ D. BOQ©©

Q.55 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
28 33 39 46 54 63 ?

Ans
- ✗ A. 75
- ✗ B. 76
- ✓ C. 73
- ✗ D. 71

Q.56 সাতজন ব্যক্তি জ্যাক, কনিকা, মেহুল, নিধি, সিয়া, টিনা এবং যোগেশ একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। যোগেশ বসে আছে কনিকা ও মেহুল উভয়েরই ঠিক পাশে এবং নিধির বামদিকে দ্বিতীয় স্থানে। কনিকা বসে আছে জ্যাকের ডানদিকে দ্বিতীয় স্থানে। টিনা এবং নিধি পাশাপাশি বসে নেই। যোগেশের বামদিক থেকে গণনা করলে যোগেশ এবং জ্যাকের মাঝখানে কতজন ব্যক্তি বসে আছে?

Ans
- ✗ A. একজনও নয়
- ✗ B. তিন
- ✗ C. এক
- ✓ D. দুই

Q.57 একটি পাইপ 12 মিনিটে একটি ট্যাঙ্ক পূর্ণ করতে পারে এবং অন্য একটি পাইপ 14 মিনিটে পূর্ণ ট্যাঙ্কটিকে খালি করতে পারে। ট্যাঙ্কটি খালি থাকা অবস্থায়, যদি উভয় পাইপকে একসাথে চালু করা হয়, তাহলে ট্যাঙ্কের দুই-তৃতীয়াংশ পূর্ণ হতে কত সময় (মিনিটে) লাগবে?

Ans
- ✗ A. 112
- ✗ B. 224
- ✓ C. 56
- ✗ D. 168

Q.58 নিচের অধাতব অক্সাইডগুলির মধ্যে কোনটি জলে দ্রবীভূত হয়ে অ্যাসিড উৎপন্ন করে না, তা শনাক্ত করুন।

Ans
- ✗ A. SO_2
- ✗ B. NO_2
- ✗ C. CO_2
- ✓ D. NO

black book

Q.59 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/চিহ্ন 4 3 + % 8 6 @ ! & $

সংকেত Y W H O I J C M N K

শর্তাবলি:
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন এবং শেষ উপাদানটি একটি সংখ্যা হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদান দুটি বিজোড় সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন এবং পঞ্চম উপাদানটি একটি সংখ্যা হয়, তবে উভয় উপাদানগুলিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
4 3 + % 8

Ans
- ✔ A. YWH©©
- ✘ B. YWHOI
- ✘ C. YWHOM
- ✘ D. YCHOI

Q.60 একজন ঋণগ্রহীতা ₹35,280 করে দুটি সমান বার্ষিক কিস্তিতে ঋণ পরিশোধ করেছিলেন, যার প্রথম কিস্তিটি প্রথম বছরের শেষে প্রদেয় ছিল। যদি বার্ষিক 5% হারে চক্রবৃদ্ধি সুদ (বার্ষিক দেয়) ধার্য করা হয়, তাহলে মোট কত সুদ (₹ এ) পরিশোধ করা হয়েছিল?

Ans
- ✘ A. 4,800
- ✔ B. 4,960
- ✘ C. 5,280
- ✘ D. 4,640

Q.61 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, TXBZ একটি নির্দিষ্ট পদ্ধতিতে AEIG এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে DHLJ সম্পর্কিত KOSQ এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে RVZX নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
- ✔ A. YCGE
- ✘ B. YBFE
- ✘ C. YDFN
- ✘ D. YCFE

Q.62 প্রদত্ত দু'টি সংখ্যা-সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
27 - 31 - 248 - 237
11 - 15 - 120 - 109

Ans
- ✘ A. 3 - 7 - 70 - 60
- ✘ B. 3 - 8 - 64 - 54
- ✔ C. 26 - 30 - 240 - 229
- ✘ D. 1 - 4 - 28 - 17

Q.63 যদি $\tan(9x-15)^\circ = \cot(8x+20)^\circ$ হয়, তাহলে x এর মান কত?

Ans
✗ A. 10
✗ B. 8
✗ C. 4
✓ D. 5

Q.64 HUSBAND শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
✗ A. 2
✗ B. 3
✓ C. 0
✗ D. 1

Q.65 প্রদত্ত দুটি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?

(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

6 - 36 - 46 - 56
8 - 64 - 74 - 84

Ans
✗ A. 10 - 100 - 120 - 130
✗ B. 15 - 225 - 235 - 255
✓ C. 9 - 81 - 91 - 101
✗ D. 11 - 131 - 141 - 151

Q.66 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।
NJG–DZW
DZW–TPM

Ans
✗ A. VRO–KHD
✓ B. VRO–LHE
✗ C. VQM–KGD
✗ D. VQM–LHE

Q.67 5 kg ভরের একটি বাক্সকে 20 N ধ্রুবক বল প্রয়োগ করে একটি অনুভূমিক পৃষ্ঠ বরাবর 4 মিটার পর্যন্ত ধাক্কা দেওয়া হয়। বাক্সটি যদি স্থিরাবস্থা থেকে গতিশীল হয় এবং 5 N ঘর্ষণ বল অনুভব করে, তাহলে কার্য-শক্তি উপপাদ্য অনুযায়ী বাক্সটির চূড়ান্ত গতিশক্তি কত হবে?

Ans
✗ A. 80 J
✓ B. 60 J
✗ C. 15 J
✗ D. 20 J

Q.68 সাতজন বন্ধু E, F, G, H, W, X এবং Y উত্তরদিকে মুখ করে একটি সরলরেখায় বসে আছে। কেবল দু'জন ব্যক্তি বসে আছে Y এবং W এর মাঝে। কেবল E বসে আছে X এর ডানদিকে। কেবল দু'জন ব্যক্তি বসে আছে W এবং E এর মাঝে। H বসে আছে F এর ডানদিকে কোনো এক স্থানে কিন্তু G এর বামদিকে কোনো এক স্থানে। সারির ডানপ্রান্ত থেকে তৃতীয় স্থানে কে বসে আছে?

Ans
✗ A. W
✓ B. G
✗ C. F
✗ D. X

blackbook

Q.69 বিক্রান্ত পয়েন্ট A থেকে যাত্রা শুরু করে উত্তর দিকে 55 km ড্রাইভ করেন। তারপর তিনি ডানদিকে বাঁক নেন, 60 km ড্রাইভ করেন। তারপর ডানদিকে বাঁক নেন এবং 70 km ড্রাইভ করেন। তারপরে তিনি ডানদিকে বাঁক নেন এবং 71 km ড্রাইভ করেন। তিনি শেষবার ডানদিকে বাঁক নেন, 15 km ড্রাইভ করেন এবং পয়েন্ট P তে থামেন। আবার পয়েন্ট A তে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে ড্রাইভ করতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans

- ✔ A. 11 km পূর্ব দিকে
- ✘ B. 13 km পশ্চিম দিকে
- ✘ C. 12 km পশ্চিম দিকে
- ✘ D. 10 km পূর্ব দিকে

Q.70 সঙ্গী কোশগুলো (companion cells) কীভাবে সীভনলের কার্যকারিতায় সাহায্য করে?

Ans

- ✘ A. এগুলি খাদ্য উপাদান এবং রজন (resins) সঞ্চয় করে
- ✘ B. এগুলি ফ্লোয়েম (phloem) কলাকে গাঠনিক দৃঢ়তা প্রদান করে
- ✘ C. এগুলি সীভনলের ল্যাটেক্স সঞ্চয় নিয়ন্ত্রণ করে
- ✔ D. এগুলি শর্করার লোডিং এবং আনলোডিং প্রক্রিয়া নিয়ন্ত্রণ করে

Q.71 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) D G J M B W Z L E C I R U H Y L F K V X P W T O Q A (ডানদিক)
এরকম কতগুলি ব্যঞ্জনবর্ণ (consonant) রয়েছে, যার প্রতিটির ঠিক আগে একটি স্বরবর্ণ (vowel) আছে এবং ঠিক পরেও একটি স্বরবর্ণ (vowel) আছে?

Ans

- ✘ A. দুই
- ✘ B. তিনের বেশি
- ✔ C. তিন
- ✘ D. এক

Q.72 জোয়া A বিন্দু থেকে যাত্রা শুরু করে পূর্ব দিকে 24 km গাড়ি চালায়। এরপর সে ডান দিকে বাঁক নিয়ে 20 km গাড়ি চালায়। তারপর সে আবার ডান দিকে বাঁক নিয়ে 22 km, এবং তারপর আবার ডান দিকে বাঁক নিয়ে 31 km গাড়ি চালায়। সবশেষে সে বাম দিকে বাঁক নিয়ে 2 km গাড়ি চালিয়ে B বিন্দুতে থামে। পুনরায় A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে আর কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans

- ✔ A. 11 km দক্ষিণ দিকে
- ✘ B. 8 km পশ্চিম দিকে
- ✘ C. 9 km উত্তর দিকে
- ✘ D. 7 km দক্ষিণ দিকে

Q.73 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 1 # 6 @ 3 % 8 & 5 $ 2 + 94

সংকেত HMBT KP AF URDWLQ

শর্তাবলি –
(i) যদি তৃতীয় উপাদানটি একটি বিজোড় সংখ্যা হয়, তবে দ্বিতীয় উপাদানটিকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(ii) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন হয়, তবে প্রথম ও শেষ উপাদানের সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(iii) যদি পঞ্চম উপাদানটি একটি চিহ্ন হয়, তবে তৃতীয় উপাদানটিকে পঞ্চম উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
85326

Ans

- ✘ A. AUKDB
- ✘ B. A©KDA
- ✔ C. A©KDB
- ✘ D. A©QDB

Black Book

Q.74 সরল করুন।

$(14pq + 15q)^2 - (14pq - 15q)^2$

Ans
- ✗ A. $840p^2q$
- ✗ B. $420p^2q^2$
- ✗ C. $420pq^2$
- ✓ D. $840pq^2$

Q.75 P, Q, R, S, T, U এবং V এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। S এর পরীক্ষা বৃহস্পতিবার। U এবং S এর মাঝে মাত্র দু'জনের পরীক্ষা আছে। P এর পরীক্ষা আছে U এর ঠিক পরের দিন। R এবং Q এর মাঝে কেবল একজন ব্যক্তির পরীক্ষা আছে। V এর পরীক্ষা আছে S এর ঠিক আগের দিন । Q এর পরীক্ষা আছে T এর ঠিক পরের দিন। কোন দিনে R এর পরীক্ষা আছে?

Ans
- ✗ A. শনিবার
- ✓ B. শুক্রবার
- ✗ C. মঙ্গলবার
- ✗ D. বৃহস্পতিবার

"

Blackb